

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.gov.bd

...

সভাপতি	ড. মোঃ মহসীন আলী এমডিএস (পিএন্ডএস) ও আহবায়ক, আলোচনা অনুষ্ঠান আয়োজন কমিটি
সভার তারিখ	০৫ই মার্চ ২০২৩ (রবিবার)
সভার সময়	সকাল ১০:০০টা
স্থান	ভার্চুয়াল/এমডিএস (পিএন্ডএস)-এর দাপ্তরিক কক্ষ, আইটিসি
উপস্থিতি	(ক) জনাব মোঃ শরীফ হাছান, পরিচালক (খ) জনাব মোঃ মামুন-অর-রশীদ, প্রোগ্রামারিক (গ) জনাব নাসরিন আক্তার, উপপরিচালক

ঐতিহাসিক ০৭ই মার্চ ২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে আলোচনা অনুষ্ঠান আয়োজন সংশ্লিষ্ট কমিটি কর্তৃক আয়োজিত সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শুরু করা হয়। উপস্থিত ও ভার্চুয়ালি সংযুক্ত সদস্যবৃন্দের মন্তব্য ও ঐকমত্যের প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত ১:

০৭ই মার্চ ২০২৩ (মঙ্গলবার) সকাল ১০:০০টায় কেন্দ্রের মিলনায়তনে কেন্দ্রীয়ভাবে গৃহীত কর্মসূচির আওতায় আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হবে।

আলোচনা অনুষ্ঠানের সম্ভাব্য ক্রম হবে নিম্নরূপ:

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত ঐতিহাসিক ০৭ই মার্চ এর ভাষণ প্রদর্শন;
- কর্মচারী ক্লাবের পক্ষ হতে একজনের বক্তব্য (পাঁচ মিনিট);
- চলমান বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের (এসএফটিসি) একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (পাঁচ মিনিট);
- চলমান উচ্চতর প্রশাসন ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্সের (এসিএডি) একজন প্রশিক্ষণার্থীর বক্তব্য (সাত মিনিট);
- অনুষদবর্গের পক্ষে আলোচনা করবেন জনাব হাসান মূর্তাজা মাসুম, পরিচালক (দশ মিনিট);
- আলোচনা আয়োজন কমিটি'র আহবায়কের বক্তব্য।

উল্লেখ্য, স্ব-স্ব কোর্স পরিচালক/কোর্স প্রশাসন তাঁর কোর্সের প্রশিক্ষণার্থী বাছাইপূর্বক সংশ্লিষ্ট কমিটিকে অবহিত করবেন।

সিদ্ধান্ত ২:

জনাব মোঃ মামুন-অর-রশীদ, প্রোগ্রামারিক, বিপিএটিসি আলোচনা অনুষ্ঠানের একটি আমন্ত্রণপত্র প্রস্তুত করবেন এবং সহকারী প্রোগ্রামার-৪ অনুষ্ঠানস্থলে প্রদর্শনের নিমিত্ত একটি ভার্চুয়াল ব্যানার/ব্যাঙ্কডপ প্রস্তুত করবেন।

সিদ্ধান্ত ৩:

অনুষ্ঠানে সঞ্চালনার দায়িত্ব পালন করবেন জনাব রাফিয়া ইসলাম, গবেষণা কর্মকর্তা, বিপিএটিসি এবং জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, মূল্যায়ন কর্মকর্তা, বিপিএটিসি।

সিদ্ধান্ত ৪:

আলোচনা অনুষ্ঠানস্থলে (বিশেষ ক্ষেত্র/অন্যান্য অনুমোদিত দাপ্তরিক দায়িত্ব/কর্তব্য ব্যতীত) চলমান সকল কোর্সের প্রশিক্ষার্থীবৃন্দ, বিপিএটিসি'র সকল অনুষদ/কর্মকর্তা, কর্মচারী উপস্থিত থাকবেন।

সিদ্ধান্ত ৫:

অনুষ্ঠানস্থলের মঞ্চসজ্জা, আসন-বিন্যাস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রদত্ত ঐতিহাসিক ০৭ই মার্চ এর ভাষণ মিলনায়তনের বড় পর্দায় প্রদর্শনের নিমিত্ত প্রয়োজনীয় সমন্বয় রক্ষা করবেন জনাব জনাব মোহাম্মদ মামুন, উর্ধ্বতন গবেষণা কর্মকর্তা, বিপিএটিসি। উল্লেখ্য, ঐতিহাসিক ০৭ই মার্চ এর ভাষণ সংগ্রহ ও যথার্থভাবে প্রদর্শনের ক্ষেত্রে পরিচালক (এলটিএ) প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

সিদ্ধান্ত ৬:

অনুষ্ঠানের সঞ্চালক ও নির্ধারিত আলোচকগণের সাথে যোগাযোগের ক্ষেত্রে সমন্বয় করবেন জনাব শামীম আদনান, উপপরিচালক, বিপিএটিসি।

সিদ্ধান্ত ৭:

অনুষ্ঠানে (বিশেষ ক্ষেত্র/অন্যান্য অনুমোদিত দাপ্তরিক দায়িত্ব/কর্তব্য ব্যতীত) অংশগ্রহণ বাধ্যতামূলক বিধায় এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অবহিত করতে হবে। এক্ষেত্রে, জনাব নাসরিন আক্তার, উপপরিচালক, বিপিএটিসি কেন্দ্রের প্রশাসন বিভাগের সাথে প্রয়োজনীয় সমন্বয়/যোগাযোগ নিশ্চিত করবেন।

সিদ্ধান্ত ৮:

আলোচনা অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথি, কেন্দ্রের অংশগ্রহণকারী অনুষদ/কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের জন্য চা-নাস্তার আয়োজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সেবা শাখার সহযোগিতা প্রত্যাশা করা হয় এবং এতদসংশ্লিষ্ট ব্যয় নির্বাহের লক্ষ্যে কেন্দ্রীয়ভাবে অনুমোদিত অর্থ আলোচনা অনুষ্ঠান আয়োজন কমিটির সদস্য সচিব বরাবর প্রেরণের অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ মহসীন আলী
এমডিএস (পিএন্ডএস) ও আহবায়ক, আলোচনা
অনুষ্ঠান আয়োজন কমিটি

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.০৯৪.২৩.০০১.২২.৫

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯

০৫ মার্চ ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজ্যক্ষেত্রে কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) অনুঘদ সদস্য (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
- ২) কোর্স পরিচালক, চলমান এসএফটিসি, এসিএডি এবং এসএসসি, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকা।
- ৩) জনাব-----।
- ৪) রেটর-এর একান্ত সচিব, রেটর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (রেটর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (কেন্দ্রের তথ্য বাতায়নে প্রকাশের অনুরোধসহ)।



শামীম আদনান

উপপরিচালক ও সদস্য সচিব, আলোচনা
অনুষ্ঠান আয়োজন কমিটি